

একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্তক্রমে
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
Website: www.hajj.gov.bd

নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০১০.১৯.৭০০

তারিখ : ০৮ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ
২১ এপ্রিল ২০১৯ খ্রি.

**বিষয় : ২০১৯ খ্রি. সনের হজ কার্যক্রমে বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের জন্য সৌদি আরবে
বাড়ি/হোটেল ভাড়া সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ২০১৯ সালে বেসরকারি ব্যবস্থাপনায় হজযাত্রী প্রেরণকারী/হজকার্যক্রম পরিচালনাকারী এজেন্সিসমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৮.০৪.২০১৯ খ্রি. তারিখ বেসরকারি ব্যবস্থাপনাধীন নিবন্ধন সম্পন্ন করা হয়েছে এবং এজেন্সিভিত্তিক হজযাত্রীর সংখ্যাগত তথ্য সৌদি আরবে প্রেরণ করা হয়েছে। জাতীয় হজ ও ওমরাহ নীতি ১৪৪০ হিজরি/২০১৯ খ্রিস্টাব্দ এর ৬.২.১ ও ৬.২.২ এবং ৮.২.১৩ নম্বর অনুচ্ছেদ মোতাবেক বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের জন্য সৌদি আরবে বাড়ি/হোটেল ভাড়া এবং হজযাত্রী প্রেরণের বিষয়ে ২০১৯ সালের অপারেটিং হজ এজেন্সিসমূহকে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

- (ক) পবিত্র রমজান ১৫ তারিখের মধ্যে স্ব-স্ব এজেন্সির হজযাত্রীদের জন্য সৌদি আরবে বাড়ি/হোটেল ভাড়া সম্পন্ন করতে হবে;
- (খ) হজযাত্রীদের জন্য সুষ্ঠু হজ ব্যবস্থাপনার স্বার্থে মক্কা ও মদিনায় নির্ধারিত এলাকাসমূহে গুচ্ছভিত্তিক (Cluster) বাড়ি/হোটেল ভাড়া নিশ্চিত করতে হবে। এ ক্ষেত্রে মক্কা হারাম শরীফ থেকে ২ কি.মি. এর মধ্যে এবং মদিনায় মসজিদে নববীর সন্নিকটে বাড়ি/হোটেল ভাড়া নিশ্চিত করতে হবে; বর্ণিত দুরত্বের চেয়ে বেশী দুরত্বে বাড়ি/হোটেল ভাড়া করা হলে সে ক্ষেত্রে হারাম শরীফ এবং মসজিদে নববীতে নামাজ আদায়ের সুবিধার্থে সম্মানিত হাজীদের যাতায়াতের জন্য গাড়ীর ব্যবস্থা থাকতে হবে;
- (গ) এ বছর বাংলাদেশ থেকে হজযাত্রীদের সৌদি আরবের পি-এয়ারাইভেল ইমিগ্রেশন হবে বিধায় সৌদি সরকারের শর্তানুযায়ী একই ফ্লাইটে ২ টি বাড়ি/হোটেলের হজযাত্রী প্রেরণ করা যাবে। তাই সে হিসেবে অন্য এজেন্সির সাথে সমন্বয় করে যেন একটি ফ্লাইটে দু'টি বাড়ি/হোটেলের হজযাত্রী যেতে পারে সে হিসেবে বাড়ি/হোটেল ভাড়া করতে হবে;
- (ঘ) হজযাত্রীদের দ্রুত বাড়ি/হোটলে পৌঁছানোর জন্য বাড়ি/হোটেলভিত্তিক পৃথক রং ব্যবহার করতে হবে। নির্ধারিত রং অনুযায়ী হজযাত্রীর পাসপোর্ট, ব্যাগ এবং বাস ও বাড়ি/হোটেলের জন্য একই রংয়ের স্টিকার সংযুক্ত/ব্যবহার করতে হবে;
- (ঙ) বাড়ি/হোটেল ভাড়া সম্পন্নের পূর্বে কাউন্সেলর (হজ)-কে অবহিত করতে হবে;
- (চ) কাউন্সেলর (হজ)/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি কর্তৃক বাড়ি/হোটেল ভাড়া চূড়ান্তকরার পূর্বে সরেজমিনে পরিদর্শন করা হবে;
- (ছ) কাউন্সেলর (হজ) এর আলোচনা সাপেক্ষে বাড়ি/হোটেল ভাড়া চুক্তি সম্পাদন করতে হবে;
- (জ) বাড়ি/হোটেল ভাড়া সম্পন্ন করে ফর্ম -৯ পূরণ করে অনুমোদনের জন্য কাউন্সেলর (হজ) বরাবর তালিকা দাখিল করতে হবে এবং উভয় রুটের প্রতিটি হজ ফ্লাইটের কমপক্ষে ৭২ ঘণ্টা পূর্বে হজযাত্রীদের বাড়িভিত্তিক তালিকা আবশ্যিকভাবে ই-হজ সিস্টেম Upload করতে হবে;

০২। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

(এস এম মনিরুজ্জামান)

সহকারী সচিব

ফোন : ৯৫৮৫২০০

morahajsection@gmail.com

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

২. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
৪. মান্যবর রাষ্ট্রদূত, রাজকীয় সৌদি দূতাবাস, গুলশান, ঢাকা।
৫. মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৬. মহাপরিচালক, এন.এস.আই, ঢাকা।
৭. ব্যবস্থাপনা পরিচালক/সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
৮. কনসাল জেনারেল, কনস্যুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদা, সৌদি আরব।
৯. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদা/মক্কা, সৌদি আরব।
১০. ব্যবস্থাপনা পরিচালক/ভাইস প্রেসিডেন্ট,.....ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (এ বিষয়ে তঁর আওতাধীন শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
১১. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমান বন্দর, ঢাকা।
১২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৩. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪. সভাপতির একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
১৫. সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১৬. সিস্টেমস এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিজ্ঞপ্তিটি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mora.gov.bd) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
১৭. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সি এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা, সাতারা সেন্টার (১৬ তম তলা), হোটেল ভিক্টোরী, ৩০/এ নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা (সকল হজ এজেন্সিকে অবহিতকরণের অনুরোধ করা হলো)।
১৮. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, ১২ কারওয়ান বাজার, ঢাকা (এ বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে (www.hajj.gov.bd) প্রকাশসহ ২০১৯ সালের হজ কার্যক্রমে অংশগ্রহণকারী সকল এজেন্সিকে অবহিতকরণের অনুরোধ করা হলো)।
১৯. স্বত্বাধিকারী/ ব্যবস্থাপনা পরিচালক, জনাব-----।
২০. অফিস কপি/মাস্টার ফাইল।